# বাংলাদেশ শিপিং কর্পোরেশন

চট্টগ্রাম

সূত্র নং-১৮.১৬.০০০০.৩৫২.৬২.০৮২.১৫.১০৮৮ তারিখঃ ১৭-০৬-২০১৯খ্রিঃ

## নোটিশ

সচিবালয় বিভাগের অফিস আদেশ নং- সচিঃ/১৪/১২৮৯ তারিখ ২৩-১২-২০১৩ খ্রিঃ এর মাধ্যমে জাতীয় শুদ্ধাচার কৌশল সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ শিপিং কর্পোরেশনে একটি নৈতিকতা কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটির সভা আগামী ১৯-০৬-২০১৯ খ্রিঃ, রোজ বুধবার, বিকাল ৩.৩০ ঘটিকায় কমিটির সভাপতি নির্বাহী পরিচালক (অর্থ)অঃদাঃ মহোদয়ের সভাপতিত্বে বিএসসির কনফারেন্স রুমে অনুষ্ঠিত হবে।

০২। উক্ত সভায় কমিটির সকল সদস্যকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে।

(মোঃ আমিনুল ইসলাম)
সঃমঃব্যঃ (অপাঃ) ও
সদস্য-সচিব ,শুদ্ধাচার কৌশল

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

০১। নির্বাহী পরিচালক (অর্থ)অঃদাঃ, বিএসসি, চট্টগ্রাম ও কমিটির সভাপতি।
০২। সচিব, বিএসসি, চট্টগ্রাম ।
০৩। মহাব্যবস্থাপক (প্রশাসন), বিএসসি, চট্টগ্রাম ও কমিটির সদস্য।
০৪। মহাব্যবস্থাপক (নিরীক্ষা), বিএসসি, চট্টগ্রাম ও কমিটির সদস্য।
০৫। মহাব্যবস্থাপক (কার্গো সুপারভিশন ও অপাঃ), বিএসসি, চট্টগ্রাম ও কমিটির সদস্য।
০৬। মহাব্যবস্থাপক (বীমা ও দাবি), বিএসসি, চট্টগ্রাম ও কমিটির সদস্য।
০৭। মহাব্যবস্থাপক (শিপ পার্সোনেল/ডিপিএ ও সিএসও), বিএসসি, চট্টগ্রাম ও কমিটির সদস্য।
০৮। মহাব্যবস্থাপক (জাহাজ মেরামত), বিএসসি, চট্টগ্রাম ও কমিটির সদস্য।
০৯। মহাব্যবস্থাপক (ওয়ার্কশপ), বিএসসি, চট্টগ্রাম ও কমিটির সদস্য।
১০। মহাব্যবস্থাপক (অর্থ), বিএসসি, চট্টগ্রাম ও কমিটির সদস্য।
১১। মহাব্যবস্থাপক (পরিকল্পনা), বিএসসি, চট্টগ্রাম ও কমিটির সদস্য।
১২। মহাব্যবস্থাপক (হিসাব), বিএসসি, চট্টগ্রাম ও কমিটির সদস্য।
১৩। মহাব্যবস্থাপক (চার্টারিং এন্ড ট্র্যাম্পিং), বিএসসি, চট্টগ্রাম ও কমিটির সদস্য।
১৪। মহাব্যবস্থাপক (দূঃপ্রাঃ/পএউ), বিএসসি, চট্টগ্রাম ও কমিটির সদস্য।
১৫। উপ-মহাব্যবস্থাপক (এসএসএম), বিএসসি, চট্টগ্রাম ও কমিটির সদস্য।
১৬। সচিব, ভবিষ্য তহবিল, বিএসসি, চট্টগ্রাম ও কমিটির সদস্য।

অনুলিপিঃ

০১। সহকারী ব্যবস্থাপক টু, ব্যবস্থাপনা পরিচালক, বিএসসি, চট্টগ্রাম।
০২। উপ- মহাব্যবস্থাপক (প্রশাসন), বিএসসি, চট্টগ্রাম -উক্ত সভায় হালকা আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

বিষয়ঃ শুদ্ধাচার সংক্রান্ত নৈতিকতা কমিটির ১৯-০৬-২০১৯ খ্রিঃ তারিখের সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | কমডোর ইয়াহইয়া সৈয়দ,নিঃপঃ (অর্থ) অঃদাঃ |
| সভার তারিখ ও সময় | : | ১৯-০৬-২০১৯ খ্রিঃ বেলা ৩.৩০ ঘটিকা |
| সভার স্থান | : | বিএসসি কনফারেন্স রুম, প্রধান কার্যালয়,চট্টগ্রাম। |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট "ক" |

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সহকারী মহাব্যবস্থাপক (অপাঃ) ও শুদ্ধাচার কৌশল এর সদস্য-সচিব গত সভার রেজুলেশন পাঠ করেন। এতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০২। অতঃপর বিএসসি'র সচিব ও সভাপতি, শুদ্ধাচার কৌশল বলেন নৈতিকতা কমিটি মন্ত্রিপরিষদ বিভাগের গাইড লাইন অনুসারে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন করবেন বিধায় শুদ্ধাচার কৌশল বলে আর কোন কমিটির প্রয়োজন হবে না। এক্ষেত্রে নৈতিকতা কমিটি পুনর্গঠন করা যেতে পারে। এ বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় সদয় সম্মতি প্রকাশ করেন।

০৩। অতঃপর সভাপতি, শুদ্ধাচার কৌশল নৈতিকতা কমিটির সভাপতি নির্বাহী পরিচালক (অর্থ) অঃদাঃ মহোদয়ের অনুমতিক্রমে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসরণে দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ প্রণয়নের বিষয়ে আলোচনার অবতারনা করেন। আলোচনান্তে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ এর খসড়া প্রণয়ন ও অনুমোদন করা হয় এবং নিম্নোক্ত সিদ্ধান্তসমুহ গ্রহণ করা হয়ঃ

ক) যথাসময়ে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।
খ) কর্মপরিকল্পনা অনুযায়ী যথাসময়ে কার্যক্রম গ্রহণ করতে হবে।
গ) মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক যথাসময়ে রিপোর্ট প্রেরণের ব্যবস্থা করতে হবে।
ঘ) প্রতি ৩ (তিন) মাস পর পর রিপোর্ট প্রদানের পূর্বে সকল বিভাগের সমন্বয়ে একটি মনিটরিং সভার আয়োজন করতে হবে।

০৪। অতঃপর সভাপতি বলেন, উন্নত দেশসমূহে শুদ্ধাচার এর বুনিয়াদি জ্ঞান অল্প বয়সেই সবাই অর্জন করেন। সরকার এক্ষেত্রে বাংলাদেশকে শুদ্ধাচার কার্যক্রমের মাধ্যমে আরো নৈতিক উন্নয়নের দিকে নিয়ে যাচ্ছেন। সঠিক ভাবে দায়িত্ব পালন ও সততার মাধ্যমে নৈতিক উন্নয়ন সম্ভব। সভাপতি আরও বলেন, শুদ্ধাচার হলো নৈতিকতা ও সততা দ্বারা প্রভাবিত আচরণগত উৎকর্ষতা, নীতি ও প্রথার প্রতি সদয় অনুগত থাকা। রাষ্ট্রীয় আইন-কানুন মান্য করার প্রতি শ্রদ্ধাশীল থেকে যথাসময়ে অফিসে আগমন ও প্রস্থান করা। কাজ ফেলে না রেখে প্রতিদিনের কাজ যথাসম্ভব সম্পন্ন করাও শুদ্ধাচারের অংশ। সুতরাং সেবা প্রার্থীদের হয়রানী না করে সঠিক সময়ে সকলকে সঠিক সেবা প্রদানের মানসিকতা নিয়ে দূর্ণীতিমুক্ত দেশ গঠনে আমাদের সকলের ভূমিকা অব্যাহত রাখতে হবে।

০৫। বিএসসি'র প্রতিষ্ঠাতা জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্ন ছিল সোনার বাংলা গড়া। এ স্বপ্ন বাস্তবায়নের লক্ষ্যে সভাপতি শুদ্ধাচারের প্রতি সকলকে সচেতন হওয়ার পরামর্শ প্রদান করেন।

০৬। পরিশেষে সভাপতি শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ শতভাগ বাস্তবায়নে সবার সহযোগীতা কামনা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(কমডোর ইয়াহ্ইয়া সৈয়দ)
নিঃপঃ (অর্থ) (অঃদাঃ)
ও
সভাপতি, নৈতিকতা কমিটি

<u>অনুলিপিঃ (জৈষ্ঠ্যতার ভিত্তিতে নহে)</u>

০১। নির্বাহী পরিচালক (অর্থ)/(প্রযুক্তি)/(বাণিজ্য), বিএসসি, চট্টগ্রাম।
০২। সকল বিভাগীয় প্রধান, বিএসসি, চট্টগ্রাম/ঢাকা/খুলনা।
০৩। সহকারী ব্যবস্থাপক টু ব্যবস্থাপনা পরিচালক, বিএসসি, চট্টগ্রাম।
০৪। অফিস কপি।